দৈনিক
জনকণ্ঠ

তারিখ JUN. 13 2006
পৃষ্ঠা ৩ কলাম ৩

আইইউবির সমাবর্তন

# বেসরকারী বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মান উন্নত করতে হবে ॥ শিক্ষামন্ত্রী

**স্টাফ রিপোর্টার ॥** ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (আইইউবি)-এর দশম সমাবর্তন অনুষ্ঠিত হয় সোমবার। চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত এই সমাবর্তনে শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক প্রধান অতিথি হিসেবে ডিগ্রীপ্রাপ্ত শিক্ষার্থীদের মাঝে সনদ বিতরণ করেন। এ সময় তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, বিশ্বায়নের যুগে টিকে থাকতে,অগ্রগতি সাধনে সঠিক এবং যুগোপযোগী শিক্ষার প্রয়োজন। সরকার সময়োপযোগী শিক্ষার উদ্যোগ নিয়েছে। তবে বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোকে অবশ্যই শিক্ষার মান উন্নত করতে হবে। আর শিক্ষার্থীদের প্রাপ্ত শিক্ষাকে দেশের উন্নয়নে কাজে লাগাতে হবে। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাজ্যের বাথ ইউনিভার্সিটির অধ্যাপক জিওফ উডফে। উডফে তাঁর বক্তৃতায় বাংলাদেশের বর্তমান আর্থ-সামাজিক অবস্থা বিশ্লেষণ করে বলেন, বিভিন্ন প্রকার বৈদেশিক ও অভ্যন্তরীণ কারণে এ অবস্থার সৃষ্টি হয়েছে। অধ্যাপক উডফে দীর্ঘ ১৪ বছর যাবত বাংলাদেশের অর্থনীতি নিয়ে গবেষণা করেন এবং এর ওপর তাঁর একটি বই রয়েছে। তাঁকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সম্মানসূচক ফেলোশিপ প্রদান করা হয়।

সমাবর্তনে ৩৪০ শিক্ষার্থী স্নাতক ও ১৫ শিক্ষার্থী মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। সমাবর্তনে দুই শিক্ষার্থী মাস্টার্স পরীক্ষায় সর্বোচ্চ নম্বর পাওয়ার জন্য চ্যান্সেলর স্বর্ণপদক লাভ করেন। তিন শিক্ষার্থী পৃথক বিষয়ে সর্বোচ্চ নম্বর পাওয়ার জন্য মোস্ট ভেলেডিক্টরিয়ান হওয়ার গৌরব লাভ করেন।

সমাবর্তনে অন্যদের মধ্যে বক্তৃতা করেন আইইউবির ট্রাস্ট চেয়ারম্যান তৌহিদ সামাদ, উপাচার্য অধ্যাপক বজলুল মোবিন চৌধুরী, উপ-উপাচার্য অধ্যাপক এম ওমর রহমান, রেজিস্ট্রার ড. তানভীর আহমদ।

এর আগে সমাবর্তন র‌্যালি অনুষ্ঠিত হয়। এতে ডিগ্রীপ্রাপ্ত শিক্ষার্থী ছাড়াও বিভিন্ন অনুষদের ডিন ও শিক্ষক অংশ নেন।